

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৬৭(আগরতলা, ২৭।০২)
উদয়পুর, ২৭ ফেব্রুয়ারি, ২০২০

মাছ উৎপাদনে রাজ্যকে স্বয়ম্ভর করে তুলতে কাজ করছে সরকার : মৎস্যমন্ত্রী

কাকড়াবন ব্লকের শামুকছড়া এ ডি সি ভিলেজের শামুকছড়া বাজারে গতকাল এক অনুষ্ঠানে মৎস্য দপ্তরের নবনির্মিত মৎস্য বিপণন কেন্দ্রের উদ্বোধন করেন মৎস্যমন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি, পর্যটন ও পরিবহন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গোমতী জিলা পরিষদের সভাপতি স্বপন অধিকারী। মৎস্য বিপণন কেন্দ্রের উদ্বোধন করে মৎস্যমন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা বলেন মাছের উৎপাদন বাড়িয়ে রাজ্যকে স্বয়ংসম্পূর্ণ করে তোলার কাজ করছে রাজ্য সরকার। রাজ্যের সমস্ত জলাশয়গুলিকে মাছ চাষের জন্য ব্যবহার করার উদ্যোগ। আগামী ৩ বছরের মধ্যে মাছ উৎপাদনে রাজ্যকে স্বয়ংসম্পূর্ণ করে তোলার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে বলেও তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি কৃষি মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, কৃষি উৎপাদনের পাশাপাশি মৎস্য উৎপাদনে রাজ্যকে স্বয়ম্ভর করে তোলার কাজ শুরু করেছে সরকার। সরকার চাইছে প্রতিটি মানুষ স্বনির্ভর হোক। সেই লক্ষ্যে সরকার কাজও শুরু করেছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুপ্রিয়া সাহা, মৎস্য দপ্তরের অধিকর্তা দিলীপ কুমার চাকমা। স্বাগত ভাষণ দেন মৎস্য তত্ত্বাবধায়ক বিজয় কান্তি ঘোষ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সহকারী সভাপতি দেবল দেবরায়, সমাজসেবী অভিষেক দেবরায়, কাকড়াবন ব্লকের বি ডি ও অভিজিৎ দাস। উল্লেখ্য নবনির্মিত মৎস্য বিপণন কেন্দ্রটি নির্মাণে ব্যয় হয়েছে ২০ লক্ষ টাকা।
